ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৭৩৫

আগরতলা, ১৩ জানুয়ারি, ২০২৬

**২০২৫ সালে ৮টি ব্যাচে উত্তর পূর্বাঞ্চলের**
**রাজ্যগুলির মেধাবী ছাত্রছাত্রীদের ইসরো পরিদর্শন**

উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের ছাত্রছাত্রীদের মধ্যে মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কে সচেতনতা তৈরী করতে ডোনার মন্ত্রকের উদ্যোগে নর্থ ইষ্ট স্টুডেন্টস প্রোগ্রাম ফর এওয়্যারনেস, রিচ এন্ড নলেজ অন স্পেস (NE-SPARKS) প্রকল্প চালু হয়। এই প্রকল্পে ২০২৫ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত মোট আটটি ব্যাচে উত্তর পূর্বাঞ্চলের আটটি রাজ্য থেকে বিজ্ঞান বিষয় নিয়ে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের ইসরো পরিদর্শনে নিয়ে যাওয়া হয়েছে। প্রতিটি ব্যাচে ৯০-১০০ জন করে শিক্ষার্থী এই সুযোগ পেয়েছে। প্রকল্পের লক্ষ্য হচ্ছে আটটি রাজ্য থেকে ১০০ করে মোট ৮০০ জন ছাত্রছাত্রীকে এই সুযোগ করে দেওয়া। এই প্রকল্পের ব্যয় বহন করেছে উত্তর পূর্বাঞ্চল পর্ষদ (এনইসি) এবং উত্তর পূর্বাঞ্চলের আটটি রাজ্য যৌথ ভাবে ৬০:৪০ অনুপাতে। মোট ব্যয় ধরা হয়েছে ৩.৮৩ কোটি টাকা। অর্থাৎ এনইসি দিয়েছে ২.৩ কোটি টাকা এবং বাকি রাজ্যগুলি যৌথভাবে দিয়েছে ১.৫৩ কোটি টাকা। শিলংস্থিত উত্তর পূর্বাঞ্চল পর্ষদের সচিবালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*******